

দৈনিক
ইত্তেফাক

প্রতিতিথি দ্বিতীয় মোসের মুক্তি মিয়ে

অধ্যক্ষকে গাড়ি চাপা দিয়ে হত্যা

ওসমানীনগরে মাদ্রাসার ভাইস-প্রিসিপাল আটক

প্রকাশ : ১৪ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ওসমানীনগর (সিলেট) সংবাদদাতা



ওসমানীনগরের শেখ ফজিলাতুন নেছা মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা শায়খুল ইসলামকে গাড়িচাপা দিয়ে হত্যার ঘটনায় একই প্রতিষ্ঠানের ভাইস প্রিসিপাল মাওলানা আহমদ আলী হেলালীকে (৪৮) আটক করেছে পুলিশ। শনিবার দুপুরে ওসমানীনগর থানার এসআই মুমিনুল ইসলাম পিপিএম-এর নেতৃত্বে উপজেলার গোয়ালাবাজার এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করে পুলিশ। আটক বিশ্বাস উপজেলার সানচির কাপন গ্রামের মৃত আছদ্দর আলীর পুত্র। তিনি শেখ ফজিলাতুন নেছা মাদ্রাসার সহকারী প্রিসিপাল হিসাবে কর্মরত ছিলেন। ওসমানীনগর থানার ওসি এস এম আল মামুন বলেন, অধ্যক্ষ শায়খুল ইসলাম হত্যা মামলার অন্যতম আসামি প্রভাষক লুৎফুর রহমানের আদালতে দেওয়া স্বীকারোক্তিমূলক জবানবন্দির ভিত্তিতে মাওলানা আহমদ আলী হেলালীকে আটক করা হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদের জন্য আদালতে রিমান্ডের আবেদন করা হবে।

মামলা সূত্রে জানা যায়, চলতি বছরের ১৪ ফেব্রুয়ারি সকালে অধ্যক্ষ শায়খুল ইসলাম মোটর সাইকেলযোগে মাদ্রাসায় যাওয়ার পথে সিলেট-ঢাকা মহাসড়কের বুরুঙ্গা সড়কের মুখ এলাকায় একটি প্রাইভেট কার অধ্যক্ষকে পেছন থেকে চাপা দেয়। এতে তিনি ঘটনাস্থলেই মারা যান।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

